# বাংলাদেশ টেক্সটাইল মিলস্ করপোরেশন
# BANGLADESH TEXTILE MILLS CORPORATION

BTMC Bhaban, 7-9, Kawran Bazar C.A., Dhaka-1215, P.O. Box No. - 462, Fax : 880-2-58152680
E-mail : btmcho@yahoo.com, btmcho@gmail.com, Website : www.btmc.gov.bd.


স্মারক নং-২৪.০৩.০০০০.১০২.৬০.১১০.১৫-৯৪

তারিখ: ০১/১১/১৪২৮ বঙ্গাব্দ
১৪/০২/২০২২ খ্রিষ্টাব্দ

## অফিস আদেশ

বিটিএমসি ভবিষ্য তহবিলের সদস্যদের জন্য পি.এফ ঋণ প্রদান সংক্রান্ত সেবাটি অনলাইনে আবেদন এবং EFT উপায়ে তহবিল স্থানান্তরের মাধ্যমে সহজিকরণ করা হয়েছে। আলোচ্য সেবাটি সংযুক্তি বিবরণী মোতাবেক বাস্তবায়নের নিমিত্তে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

১৪/২/২২

মোঃ মহিউদ্দিন
জ্যেষ্ঠ উপ-প্রধান হিসাব রক্ষক
ও
ইনোভেশন অফিসার,বিটিএমসি

অনুলিপি (কার্যার্থে ও জ্ঞাতার্থে) (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। সকল বিভাগ/শাখা প্রধান বিটিএমসি।
২। সকল মিল প্রধান, বিটিএমসি।
৩। জনাব হাফিজুর রহমান, সহকারী প্রধান হিসাব রক্ষক, হিসাব বিভাগ, বিটিএমসি (সহজিকৃত সেবাটি বিটিএমসি'র ওয়েব সাইটে প্রকাশের ব্যবস্থা গ্রহন করবেন) ।
৪। সহকারী প্রধান হিসাব রক্ষক, চেয়ারম্যান শাখা, বিটিএমসি ।
৫। জ্যেষ্ঠ সমন্বয় কর্মকর্তা, সচিব শাখা, বিটিএমসি ।
৬। সহকারী হিসাব কর্মকর্তা, পরিচালক (পরিচালন) শাখা, বিটিএমসি ।
৭। নিরীক্ষা কর্মকর্তা, পরিচালক (বাণিজ্য) শাখা, বিটিএমসি ।
৮। জ্যেষ্ঠ করণিক, পরিচালক (অর্থ ও নিরীক্ষা) শাখা, বিটিএমসি ।

Scanned with CamScanner

বাংলাদেশ টেক্সটাইল মিলস্ করপোরেশন
বিটিএমসি ভবন
৭-৯,কাওরান বাজার,ঢাকা-১২১৫ ।

## বিটিএমসি'র ২০২১-২০২২ অর্থ বছরের সেবা সহজিকরণঃ

| সেবার নাম | বর্তমান সেবার সংক্ষিপ্ত বিবরন | সহজিকৃত সেবার বিবরন | সহজিকরণের যৌক্তিকতা |
|---|---|---|---|
| ২ | ৩ | ৪ | ৫ |
| বিটিএমসি ভবিষ্য তহবিলের সদস্যদের জন্য পি.এফ ঋণ প্রদান । | পি.এফ ঋণ গ্রহনকারী কর্মকর্তা/কর্মচারীকে স্বহস্তে আবেদন ফরম লিখে বিটিএমসি প্রধান কার্যালয়ের পি.এফ শাখায় জমা দিতে হয়। পরবর্তীতে সচিব (ভবিষ্য তহবিলের) নিকট অনুমোদনের জন্য উপস্থাপন করা হয়। ঋণ গ্রহনকারী ব্যক্তির অনুমোদিত আবেদন পত্রটিসহ নথিপত্র প্রস্তুত করে ঋণ গ্রহনকারী ব্যক্তিকে অবহিত করা হয়। ঋন গ্রহনকারী কর্মকর্তা/কর্মচারীকে হাতে লেখা আবেদনপত্র জমা,ঋন গ্রহনের তারিখ ও সময় জানতে পি.এফ শাখায় এসে প্রদানকৃত ঋণের চেক গ্রহনের জন্য স্ব-শরীরে উপস্থিত হয়ে সংশ্লিষ্ট ভাউচারে স্বাক্ষর করে চেক গ্রহণ করতে হয়। চেক গ্রহন পরবর্তী সময়ে সংশ্লিষ্ট ব্যাংকে দীর্ঘ লাইনে দাড়িয়ে থেকে পি.এফ ঋণের টাকা নিজ হিসাবে স্থানান্তর করা হয়। | পি.এফ ঋন গ্রহনকারী কর্মকর্তা/কর্মচারীদের সুবিধার্থে বিটিএমসি'র ওয়েব সাইটে একটি নির্দিষ্ট আবেদন ফরম সংযুক্ত করা হয়েছে। ওয়েব সাইট হতে ফরমটি ডাউনলোডপূর্বক পূরণ করে ঋণ গ্রহনকারী কর্মকর্তা তাঁর বেতন সংশ্লিষ্ট ব্যাংক হিসাব নম্বর উল্লেখপূর্বক পি.এফ শাখায় প্রেরণ করতে পারবে। পি.এফ শাখা প্রাপ্ত আবেদন পত্রটি যাচাই করে মঞ্জুরিকৃত ঋণ গ্রহিতার উল্লেখিত ব্যাংক হিসেবে EFT উপায়ে স্থানান্তর করা হয়। পি.এফ শাখা হতে অনলাইন ব্যাংকিং এর মাধ্যমে সংশ্লিষ্ট ব্যক্তির ব্যাংক হিসাব নম্বরে চেক জমার এস.এম.এস এবং তৎপরবর্তী ব্যাংক কর্তৃক এসএমএস প্রদান করার ফলে পি.এফ ঋণ গ্রহিতা ব্যক্তি টাকা প্রাপ্তির ব্যাপারে নিশ্চিত হতে পারবে। | বিটিএমসি'র নিয়ন্ত্রণাধীন মিলসমূহ দেশের বিভিন্ন অঞ্চলে অবস্থিত হওয়ায় পি.এফ ঋণ গ্রহণের ক্ষেত্রে কর্মকর্তাদের প্রধান কার্যালয়ে আসা যাওয়া সময় ও ব্যয় সাপেক্ষ ব্যাপার। বিটিএমসি ভবিষ্য তহবিলের তালিকাভূক্ত সদস্যদের জন্য পি.এফ ঋণ প্রদানের প্রক্রিয়াটি সহজ করা হলে পি.এফ ঋণ গ্রহণের ক্ষেত্রে কর্মকর্তাদের স্ব-শরীরে অফিসে আসার কোন প্রয়োজন হবে না এবং দাপ্তরিক কর্মদক্ষতাও বৃদ্ধি পাবে। |

১৩/০২/২০২২
সন্দীপ লাহিড়ী
সহকারী প্রধান নিরীক্ষক
বিটিএমসি, ঢাকা।

১৪/২/২২
মোঃ মহিউদ্দিন
ইনোভেশন অফিসার ও ফোকাল পয়েন্ট
বাংলাদেশ টেক্সটাইল মিলস্ করপোরেশন
বিটিএমসি ভবন,৭-৯,কাওরান বাজার, ঢাকা।



Scanned with CamScanner